**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 25 Dec 2025**
**TIME: 7:35 AM**

---

পশ্চিম কার্বি আংলং জেলার  খেরণির পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে । সামাজিক মাধ্যমে  প্রকাশ করা এক বার্তায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা পরিস্থিতির উপর সতর্ক দৃষ্টি রেখে চলেছেন বলে উল্লেখ করেছেন । তিনি বলেন যে উচ্ছেদের বিষয়টি উচ্চ ন্যায়লয়ের বিচারাধীন থাকার জন্য সরকার কোনো ব্যবস্থা নিতে পারছেনা ।

এদিকে পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং কার্বি আংলং এ উপস্থিত থেকে আইন শৃঙ্খলা পরিস্থিতির ওপর সতর্ক দৃষ্টি রেখে চলেছেন ।গত দুদিন অঞ্চলটিতে সৃষ্টি হোয়া পরিস্থিতি সম্পর্কে শ্রী সিং বলেন যে এধরণের অপ্রীতিকর  ঘটনা  কোনো সমস্যার সমাধান করতে পারেনা

। তিনি জেলার যুব প্রজন্ম সহ অন্যান্য প্রতিবাদকারীদের বিপথে  পরিচালিত না করতে অভিবাবকদের প্রতি আহ্বান জানান ।
শ্রী সিং বলেন ------
**বাইট**

---

রাজ্যের বিভিন্ন বিভাগের কারিগরী ও  অ - কারিগরী পদে বাছাই হোয়া ২১৫ জন চা জনগোষ্ঠীর প্রার্থীকে গতকাল নিযুক্তি পত্র প্রদান করা হয় । শ্রীমন্ত শংকরদেব আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আনুষ্ঠানিকভাবে এই নিযুক্তি পত্র প্রদান করেন । চিকিৎসা শিক্ষা ও গবেষণা সঞ্চালকালয়ের কারিগরী পদে ৮৮ জন ও অ -কারিগরী পদে ২৮ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয় । স্বাস্থ্য সেবা সঞ্চালকালয়ের কারিগরী পদে ৫৫ জন ও স্বাস্থ্য সেবা ( পরিবার কল্যাণ )  সঞ্চালকালয়ের কারিগরী পদে ৪৩ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয় ।

এদিকে আসাম প্রত্যক্ষ  নিযুক্তি পরীক্ষার অধীনে তৃতীয় শ্রেণীর বাছাই করা প্রার্থীদের নিযুক্তিপত্র আগামী ১০ ই জানুয়ারী প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে জানিয়েছেন ।


---

আজ পবিত্র বরদিন । বিশ্বের অন্যান্য প্রান্তের সংগে আসামে ও খ্রীষ্টধর্মালম্বী লোকেরা বরদিন উপলক্ষে সমবেতভাবে প্রার্থনায় মিলিত হয়েছেন । গতকাল রাতে গৌহাটী মহানগরের পাণবাজারের ব্যাপ্টিষ্ট চার্চ , পাণবাজারের ডনবস্কো , খ্রীষ্টানবস্তি সহ বিভিন্ন স্থানের গীর্জাগুলিতে অগণন লোক সমবেত হয়েছেন ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলার গীর্জাগুলিকে ও আলোরমালা দিয়ে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । বরদিন উপলক্ষে শিলচরে উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । আলোকসজ্জা , খ্রীস্টমাস ট্রী , তোরা ইত্যাদি দিয়ে গীর্জাগুলি সহ খ্রীষ্টধর্মালম্বী লোকেদের বাসগৃহ ও সাজিয়ে তোলা হয়েছে । এছাড়া ও চার্চগুলিতে সমবেত প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । অনুরুপভাবে শ্রীভূমি জেলায় ও বরদিন উপলক্ষে গীর্জাগুলিতে প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । হাইলাকান্দি জেলায় ও বরদিন উপলক্ষে চার্চগুলিকে সাজিয়ে তোলা সহ প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । এদিকে শহরের প্রেসবিটেরিয়ান চার্চে গতকাল প্রি - ক্রিসমাস উদযাপন করা হয় । জেলার বিভিন্ন প্রান্ত থেকে ঐ চার্চে খ্রীষ্টধর্মালম্বী লোকেরা সমবেত হয়ে বিশ্বশান্তির জন্য বিশেষ প্রার্থনা করেন ।


বরদিন উপলক্ষ্যে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুরমু এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা দেসবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

---



রেল লাইনে চলে আসা বন্য প্রাণীদের দুর্ঘটনা এড়াতে এবার থেকে ভারতীয় রেল এ আই নির্ভর ব্যবস্থাকে শক্তিশালী করে তুলছে । হাতি , সিংহ , বাঘ ইতাদি বন্য প্রাণী রক্ষায় নিদৃষ্ট দূরত্বের আগেই এ আই চালিত ক্যামেরা লোকো পাইলটকে সতর্ক করে দেবে । একোষ্টিক ব্যবস্থার সহায়তায় কৃত্তিম বুদ্ধিমত্তা হাতীর উপস্থিতি আগাম জানাতে পারবে । এ ধরণের এ আই ক্যামেরা রেল লাইনে বসানোর কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে । উত্তর-পূর্বাঞ্চল ফ্রন্টিয়ার রেলের ১শো ৪১ কিলোমিটার লাইনে ট্রেনের সঙ্গে হাতীর সংঘর্ষ এড়াতে এই উদ্যোগ নেওয়া হয়েছে ।

---



হাইলাকান্দি জেলার অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক ২০১৪ সালে সংঘটিত একটি খুনের মামলায় ৭ জন অভিযুক্তকে ৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করেছেন । জেলা ও দায়রা বিচারক ইস্পিতা বড়ঠাকুর গতকাল এই রায় ঘোষণা করেছেন । আদালতের চূড়ান্ত শুনানিতে প্রত্যেক অভিযুক্তকে নগদ ৩০ হাজার টাকারও জরিমানা করা হয়েছে । জরিমানার টাকা অনাদায় থাকলে তাদের আরো এক বছর অতিরিক্ত কারাদন্ড ভোগ করতে হবে বলেও রায় দেওয়া হয়েছে । উল্লেখ্য যে ২০১৪ সালের ৬ মে রাত প্রায় ৮টা নাগাদ অভুযুক্তরা ধলছড়া ফরেষ্ট ভিলেজের বাসিন্দা বাবুর আলী লস্করের ওপর ধারালো অস্ত্র দিয়ে অতর্কিত হামলা চালালে গুরুতর আঘাতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয় । সরকারী অধিবক্তা শান্তনু শর্মা জানিয়েছেন যে ঘটনাটি পূর্ব পরিকল্পিত এবং অত্যন্ত নৃশংসভাবে সংঘটিত করা হয়েছিল । ঘটনার পর নিহতের স্ত্রী লালা থানায় মামলা রুজু করেছিলেন । এই মামলার ভিত্তিতে পুলিশ ঘটনার তদন্ত শুরু করে অভিযুক্তদের গ্রেপ্তর করে আদালতে পেশ করেছিল । আদালত দীর্ঘ বিচার প্রক্রিয়া সম্পন্ন করে গতকাল অভিযুক্ত সাত জনকে ৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করেছে ।

---

শিলচরের বীনাছন্দম সঙ্গীত মহাবিদ্যালয়ের ৪০তম বর্ষপূর্তী অনুষ্ঠান আগামীকাল শিলচর বঙ্গ ভবনে অনুষ্ঠিত হবে । মহাবিদ্যালয়ের অধ্যক্ষ দেবতোষ নাথ জানিয়েছেন যে সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান তিনটি পর্য্যায়ে ভাগ করা হয়েছে । প্রথম পর্য্যায়ে গুণীজন সংবর্ধনা সহ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে সঙ্গীতের বার্ষিক পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এককালীন অনুদান ও শংসা পত্র প্রদান, দ্বিতীয় পর্য্যায়ে সমবেত বিদ্যালয় সঙ্গীত , নৃত্যালেখ্য এবং সঙ্গীতালেখ্য- ও আমার দেশের মাটি , সমবেত তবলা

লহরা এবং তৃতীয় পর্য্যায়ে কথা কহে সো কত্থক শীর্ষক শাস্ত্রীয় কত্থক নৃত্যের অনুষ্ঠান পরিবেশিত হবে ।